



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪১.১১১.২১ (অংশ)-১৯৮


তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০
১১ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: কুমিল্লা জেলার মুরাদনগর থানাধীন আকুবপুর ই. এ. বি.পি. উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব শিখা রানী রায়কে চাকুরিতে পুনর্বহাল ও বেতন-ভাতাদি প্রদান সংক্রান্ত।

সূত্র: এ বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪১.১১১.২১ (অংশ)-১৭২, তারিখ: ১৪.০৬.২০২২।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আকুবপুর ই. এ. বি.পি. উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা-এর সহকারী প্রধান শিক্ষক জনাব শিখা রানী রায়-এর বরখাস্ত প্রদানকারী কর্তৃপক্ষকে আপনার মাধ্যমে তঁর আবেদনপত্র ও এ সংক্রান্তে আদালতের আদেশ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত সূত্রে পত্র প্রেরণ করা হয়েছিল। তৎপরিপ্রেক্ষিতে আপনি ০২ বার (০৬/০৭/২০২২ এবং ২২/০৮/২০২২ তারিখ) বিদ্যালয় কর্তৃপক্ষকে বেতন-ভাতাদি দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। কিন্তু বিদ্যালয় কর্তৃপক্ষ বেতনাদি প্রদানের ব্যবস্থা না করায় আবেদনকারী পুনরায় আবেদন করেছেন।

২.০ এমতাবস্থায়, আকুবপুর ই. এ. বি.পি. উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা-এর সহকারী প্রধান শিক্ষক জনাব শিখা রানী রায়কে চাকুরিতে পুনর্বহাল ও বেতন-ভাতাদি প্রদানের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক প্রেরিত পত্র অনুযায়ী উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং ম্যানেজিং কমিটি কেন ব্যবস্থা গ্রহণ করেননি তার কারণ দর্শানোসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থাপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ সুহেল মাহমুদ)
উপসচিব

ফোন: ০২-৫৫১০১০৩২

nongovt.secondary.sec2@shed.gov.bd


চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড
কুমিল্লা।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪১.১১১.২১ (অংশ)-১৯৮

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০
১১ সেপ্টেম্বর ২০২৩

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে-অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব-এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সভাপতি, আকুবপুর ই. এ. বি.পি. উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা।
- ৪। প্রধান শিক্ষক, আকুবপুর ই. এ. বি.পি. উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা।
- ৫। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জনাব শিখা রানী রায়, সহকারী প্রধান শিক্ষক, আকুবপুর ই. এ. বি.পি. উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা।
- ৭। অফিস কপি/ সংরক্ষণ কপি।


(মোহাম্মদ সুহেল মাহমুদ)
উপসচিব